গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০৪.০০০০.০০৭.০৯.০০১.১৫-৩৭৭

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩
১৪ জুলাই ২০২৬

বিষয়: **নির্বাচনী ইশতেহার অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাদকবিরোধী কমিটি গঠন ও গঠিত কমিটির সহায়তায় সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জনগণ কর্তৃক নির্বাচিত বাংলাদেশ জাতীয়তাবাদী দল-এর নির্বাচনী ইশতেহার/তথা সরকারের নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০০টি মাদকবিরোধী কমিটি গঠন ও গঠিত কমিটির সহায়তায় সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের লক্ষ্যমাত্রা রয়েছে।

২। এমতাবস্থায়, নির্বাচনী ইশতেহারের প্রতিশ্রুতি অনুযায়ী অধিদপ্তরের আওতাধীন বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০০টি মাদকবিরোধী কমিটি গঠনপূর্বক আগামী ২৯/০৮/২০২৬ তারিখের মধ্যে গঠিত কমিটি কর্তৃক মাদকবিরোধী গণসচেতনতামূলক (শিক্ষা প্রতিষ্ঠানে এসেম্বলিতে/শ্রেণি কক্ষে মাদকবিরোধী আলোচনা সভা/মাদকবিরোধী বিতর্ক প্রতিযোগীতা/ মাদকবিরোধী শপথ বাক্য প্রদান) কার্যক্রম নিম্নরূপভাবে পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্রম. | কার্যালয়ের নাম | শিক্ষা প্রতিষ্ঠান |
|---|---|---|
| ১. | বিভাগীয় কার্যালয়, ঢাকা | ঢাকা বিভাগ-৪৫টি |
| ২. | বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম | চট্টগ্রাম-৩৫টি |
| ৩. | বিভাগীয় কার্যালয়, রাজশাহী | রাজশাহী-২৫টি |
| ৪. | বিভাগীয় কার্যালয়, খুলনা | খুলনা-২৫টি |
| ৫. | বিভাগীয় কার্যালয়, সিলেট | সিলেট-১৬টি |
| ৬. | বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ | ময়মনসিংহ-১৬টি |
| ৭. | বিভাগীয় কার্যালয়, রংপুর | রংপুর-২০টি |
| ৮. | বিভাগীয় কার্যালয়, বরিশাল | বরিশাল-১৮টি |

উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাদকবিরোধী কমিটি গঠন ও গঠিত কমিটির সহায়তায় গণসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ শেষে এর প্রমাণক হিসেবে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের কমিটি গঠনের অফিস আদেশ, উক্ত কমিটি কর্তৃক গণসচেতনতামূলক কার্যক্রমের ক্যাপশনসংবলিত স্থিরচিত্র আগামী ২৯/০৮/২০২৬ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

সংযুক্তি: ১ প্রস্ত

১৪.৭.২০২৬

(মোঃ রাজীব আহসান)
পরিচালক (নিরোধ শিক্ষা)
☏০২-২২৬৬৬৪৪০৩
✉dirpe@dnc.gov.bd

অতিরিক্ত পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে ও জ্ঞাতার্থে):
১. পরিচালক (প্রশাসন/চিকিৎসা ও পুনর্বাসন/অপারেশন্স), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. অফিস কপি/মাস্টার কপি

প্রধান কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩এম/৯১-সম/২০০৮/১৪৮২ তারিখ: ০৪/৯/২০১৬ খ্রি: ।

বিষয়: মাদকের অপব্যবহার রোধে সচেতনতা ও উদ্বুদ্ধকরণের জন্য কমিটি গঠন প্রসঙ্গে ।

সূত্র: মাউশির স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৬.৩১.০০৬.১৫/৩৭১, তারিখ: ১৮/১১/২০১৫ খ্রি: ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দেশের সকল সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে মাদকের অপব্যবহার রোধে সচেতনতা ও উদ্বুদ্ধকরণের লক্ষ্যে মাদকবিরোধী কমিটি গঠনপূর্বক কর্মসূচি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু লক্ষ্যে করা গেছে এখন পর্যন্ত অনেক প্রতিষ্ঠান কমিটি গঠন করেন নি।

এমতাবস্থায় যে সকল সরকারি-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট মাদকবিরোধী কমিটি গঠন করেন নি তাদেরকে নিম্নরূপ কমিটি গঠনপূর্বক মাদকমুক্ত সমাজ প্রতিষ্ঠায় সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদক নিয়ন্ত্রণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| | | |
|---|---|---|
| ১। | সভাপতি | - সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান |
| ২। | সদস্য | - শিক্ষক প্রতিনিধি |
| ৩। | সদস্য | - অভিভাবক প্রতিনিধি |
| ৪। | সদস্য | - ছাত্র প্রতিনিধি |
| ৫। | সদস্য সচিব | - ক্রীড়া শিক্ষক/শারীরিক প্রশিক্ষক । |

০৪/৯/২০১৬
(সাখায়েত হোসেন বিশ্বাস)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
ফোন: ৯৫৬১২৫৪।
E-mail:addshesecondary1@gmail.com

০১। অধ্যক্ষ..........................................(সকল)
০২। প্রধান শিক্ষক/শিক্ষিকা.............................(সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:

০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: যুগ্ম সচিব, (মাধ্যমিক)।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ...........অঞ্চল............(সকল)।
০৪। জেলা শিক্ষা অফিসার, ......................................(সকল)।
০৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার,..........(সকল)।
০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। সংরক্ষণ নথি ।